অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নিবন্ধন তালিকায় জন্য সুপারিশকৃত 21 মনোনয়ন ঘোষণা করলেন

সাইটগুলি বিভিন্ন ধরনের ইতিহাসের প্রতিনিধিত্ব করে যেমন বাফেলো ও সিরাকিউজের শুরুর দিকের অটোমোবাইল শিল্প, ল্যান্সিংবার্গে অবশিষ্ট একমাত্র টেক্সটাইল মিল, তিনটি ভিন্ন পাবলিক আবাসন কমপ্লেক্স, এবং মোহক ভ্যালি কবরস্থান যেখানে প্লেজ অফ অ্যালিগ্যান্সের লেখক সমাহিত আছেন

নিবন্ধিত সম্পত্তির ফেডারেল, স্টেট ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিটের দিক থেকে নিউ ইয়র্ক দেশের শীর্ষে

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে ঐতিহাসিক সংরক্ষণের স্টেট বোর্ড (State Board for Historic Preservation) ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নিবন্ধন তালিকায় (State and National Registers of Historic Places) 21টি সম্পত্তি যোগ করার জন্য সুপারিশ করেছে, যার মধ্যে রয়েছে বাফেলো ও সিরাকিউজে শুরুর দিকের অটোমোবাইল প্রস্তুত ও বিক্রির সাথে জড়িত প্রাক্তন কারখানা, মোহক ভ্যালির একটি কবরস্থান যেখানে প্লেজ অফ অ্যালিগ্যান্সের (Pledge of Allegiance) লেখক সমাহিত আছেন, এবং এককালে "কলার সিটি (Collar City)" হিসেবে পরিচিত ল্যান্সিংবার্গের ট্রয় এলাকায় উনবিংশ শতাব্দীর একমাত্র অবশিষ্ট টেক্সটাইল মিল।

"আমরা যখন এম্পায়ার স্টেটের (Empire State) বিশাল ও বৈচিত্র্যময় ইতিহাসের প্রতিফলন করছি, তখন এই মনোনয়নগুলি আমাদের অতীতের অনুপ্রেরণাদায়ক গল্পগুলির পেছনের স্থানগুলির প্রতিনিধিত্ব করে," **গভর্নর হোকল বলেন।** "ঐতিহাসিক নিবন্ধন তালিকায় এই সংযোজনগুলি নিশ্চিত করবে যে এই ঐতিহাসিক স্থানগুলিকে রক্ষা করার জন্য সংস্থান উপলভ্য থাকবে অতীত আমাদেরকে আজকে এবং ভবিষ্যতেও অনুপ্রাণিত করতে পারে।"

স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাভুক্ত হলে তা সম্পত্তিগুলি পুনরুজ্জীবিত করতে এবং সেগুলিকে বিভিন্ন সরকারি সংরক্ষণ কর্মসূচি এবং পরিষেবা, যেমন স্টেটের অনুদান এবং স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিট, পাওয়ার যোগ্য করে তোলার ক্ষেত্রে সম্পত্তির মালিকদের সহায়তা করতে পারে।

পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসিড বলেন, "স্টেট পার্কসে আমাদের মিশনের একটি অংশ হলো আমাদের স্টেটে উপস্থিত ইতিহাসের দুর্দান্ত ব্যাপ্তির সংরক্ষণ ও প্রচারে সাহায্য করা। এমন স্থানসমূহের জন্য স্টেট ও জাতীয় নিবন্ধন তালিকার স্বীকৃতি নিশ্চিত করতে পারা সম্ভাব্য প্রণোদনাসহ সংস্থান প্রদান করে, যেমন স্টেট ও ফেডারেল কর ক্রেডিট, যা এই ইতিহাসকে জীবন্ত ও প্রাণবন্ত রাখতে সাহায্য করবে।"

স্টেট পার্কসের (State Parks) ঐতিহাসিক সংরক্ষণের ডেপুটি কমিশনার ড্যানিয়েল ম্যাকি বলেন, "সর্বশেষ এই মনোনয়নগুলি স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিট দ্বারা লাভবান হতে পারে এমন ঐতিহাসিক সংস্থান সমর্থনে ঐতিহাসিক সংরক্ষণ ডিভিশনের প্রতিশ্রুতিকেই অব্যাহত রেখেছে। এই কাজের প্রভাব স্পষ্ট হয়েছে জাতীয় পার্ক সার্ভিসের (National Park Service) করা একটি প্রতিবেদনে যেখানে দেখা গেছে যে এমন ক্রেডিট ব্যবহারের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট দেশের শীর্ষে আছে।"

জাতীয় পার্ক সার্ভিস প্রতিবেদন করেছে যে 2017 ও 2021 সালের মধ্যে, নিউ ইয়র্কে কর ক্রেডিটের জন্য উপযুক্ত হওয়া 466টি বাণিজ্যিক প্রকল্প প্রায় 3.8 বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগের প্রতিনিধিত্ব করেছে। যা হলো সব থেকে নিকটস্থ স্টেট, ওহাইওর তুলনায় 1 বিলিয়ন মার্কিন ডলার বেশি। গত বছর, নিউ ইয়র্ক স্টেটের 152টি বাণিজ্যিক প্রকল্প কর ক্রেডিটের জন্য উপযুক্ত হয় 505 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগের উপর ভিত্তি করে, যা দেশের অন্য সকল স্টেটের থেকে বেশি।
বর্তমান মনোনয়নগুলির মধ্যে, 14টি বাণিজ্যিক কর ক্রেডিট প্রকল্পের এবং একটি আবাসিক কর ক্রেডিট প্রকল্পের প্রতিনিধি।

গত এক দশক ধরে, স্টেট 1,000-র বেশি সম্পত্তির জন্য পুনর্বাসন বাণিজ্যিক কর ক্রেডিট ব্যবহারের অনুমোদন দিয়েছে, যা 12 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ নিয়ে এসেছে। আরো তথ্য এখানে পাবেন।

নিউ ইয়র্ক স্টেটে চাকরি এবং কর রাজস্বের উপর কর ক্রেডিটের প্রভাব বিষয়ে জাতীয় পার্ক সার্ভিস (National Park Service) কর্তৃক পরিচালিত একটি গবেষণায় দেখা যায় যে 2015 থেকে 2019 সালের মধ্যে, ক্রেডিট জাতীয়ভাবে 67,578 কর্মসংস্থান সৃষ্টি করেছে এবং স্থানীয়, স্টেট এবং ফেডারেল কর হিসেবে 195 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আয় করেছে।
স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকা হল নিউ ইয়র্ক এবং দেশের ইতিহাস, স্থাপত্যকলা, নৃবিজ্ঞান এবং সংস্কৃতির উল্লেখযোগ্য ভবন, স্থাপনা, জেলা, ল্যান্ডস্কেপ, বস্তু এবং সাইটের সরকারি তালিকা। ঐতিহাসিক স্থানের ন্যাশনাল রেজিস্টারে এককভাবে অথবা ঐতিহাসিক ডিস্ট্রিক্টের অংশ হিসেবে স্টেটের সর্বত্র 120,000-টিরও বেশি ঐতিহাসিক সম্পত্তি, তালিকাভুক্ত আছে। মনোনয়নের স্পন্সর করেছে সম্পত্তির মালিকগণ, মিউনিসিপালিটি এবং পুরো স্টেটের সম্প্রদায়সমূহের সংস্থাসমূহ।
স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকারী কমিশনার একবার সুপারিশসমূহ অনুমোদিত করলে, সম্পত্তিগুলি নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় (New York State Register of Historic Places) অন্তর্ভুক্ত হবে এবং এরপর জাতীয়

ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় জন্য মনোনীত হবে, যেখানে সেগুলি পর্যালোচনা করা হবে এবং একবার অনুমোদিত হয়ে গেলে জাতীয় নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত হবে।

এছাড়াও ঐতিহাসিক সংরক্ষণের স্টেট বোর্ড (State Board for Historic Preservation) ভারমন্ট স্টেট ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Vermont State Historic Preservation Office) এবং ভার্জেন্সের লেক চ্যাম্পলেইন ম্যারিটাইম জাদুঘরের (Lake Champlain Maritime Museum) তৈরি একটি প্রতিবেদন পর্যালোচনা করেছে, যেখানে লেক চ্যাম্পলেইনের ক্যানাল-যুগের জলযানের পানির নিচের ডুবে যাওয়া জাহাজসহ চ্যাম্পলেইন ক্যানাল ব্যবস্থার (Champlain Canal system) ম্যারিটাইম ঐতিহ্যের বিস্তারিত বলা আছে। এখন পর্যন্ত, লেকে 63টি ডুবে যাওয়া নৌকা সনাক্ত করা হয়েছে। ডুবে যাওয়া জাহাজগুলি ভবিষ্যতে ঐতিহাসিক নিবন্ধন তালিকার জন্য উপযুক্ত হবে কিনা প্রতিবেদনটি তা নির্ণয় করবে।

চ্যাম্পলেইন ক্যানাল, যা হাডসন নদীর লেক সংলগ্ন বাণিজ্যকে নিউ ইয়র্ক সিটির দক্ষিণ দিকের বাজারসমূহের সাথে যুক্ত করার জন্য 1823 সালে সম্পূর্ণ খুলে দেওয়া হয়, এটিকে 1862 সালে, 1872 সালে, এবং অবশেষে 1916 সালে নিউ ইয়র্ক স্টেট বার্জ ক্যানালের (New York State Barge Canal) অংশ হিসেবে বর্ধিত করা হয়।
মনোনয়নের ছবিসহ আরো তথ্য, অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশনের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

অ্যালবানি পার্ফোরেটেড র্যা পিং পেপার কোম্পানি (Albany Perforated Wrapping Paper Company), অ্যালবানি কাউন্টি - অ্যালবানি শহরের গুদামঘর জেলায় অবস্থিত ফ্যাসিলিটিটি এককালে বিশ্বের সর্ববৃহৎ টয়লেট পেপার ও পেপার টাওয়েল উৎপাদক ছিলো, 1920 দশকের মাঝামাঝি এটি দৈনিক 30,000 মাইলের বেশি এমন পণ্য উৎপাদন করতো। প্ল্যান্টটি তৈরি করেছিলেন কলাম্বিয়া কাউন্টির স্থানীয় বাসিন্দা সেথ হুইলার, যাকে আধুনিক রোল করা, ছিদ্রযুক্ত টয়লেট পেপার আবিষ্কারের স্বীকৃতি দেওয়া হয়, যার জন্য তিনি 1871 সালে একটি ফেডারেল পেটেন্ট লাভ করেন। 1918 এবং 1922 সালের মধ্যে পর্যায়ক্রমে নির্মিত মিলটি 1964 সালে বন্ধ হয়ে যায় এবং খুচরা আসবাব ও বাড়ির সামগ্রীর আউটলেট হিসেবে এর বর্তমান ব্যবহারের জন্য পুনর্নির্মিত হওয়ার পূর্বে প্রায় দুই দশক ধরে খালি পরে ছিলো।

লায়ন ফ্যাক্টরি (Lion Factory), রেনসেলার কাউন্টি - ল্যান্সিংবার্গে উৎপাদনকারী প্ল্যান্টটি 1884 সালে খোলা হয় বিচ্ছিন্ন করা যায় এমন শার্টের কলার ও কাফ বানানোর জন্য; এটি ছিল এই কাজে নিযুক্ত অনেক সংখ্যক স্থানীয় কারখানাগুলির একটি, যার ফলে এর সংলগ্ন ট্রয় সিটিকে "কলার সিটি" ডাকনাম পায়। ল্যান্সিংবার্গকে পরে ট্রয়ের সাথে অন্তর্ভুক্ত করে ফেলা হয়। কোম্পানির মালিক জেমস কে. পি. পাইন ছিলেন শহরের শীর্ষ নাগরিকদের একজন এবং ল্যান্সিংবার্গ পিপলস ব্যাঙ্কের প্রেসিডেন্ট, ট্রয় রেকর্ড (*Troy Record*) খবরের কাগজের প্রতিষ্ঠাতা, এবং সামারিটান হাসপাতালের (Samaritan Hospital) সহ-প্রতিষ্ঠাতা। 1970 সাল থেকে স্ট্যান্ডার্ড ম্যানুফ্যাকচারিং কোম্পানি (Standard Manufacturing Company) দ্বারা পরিচালিত এই বিশাল

246,000 বর্গফুটের ভবনটি শহরের একমাত্র এমন কারখানা যা একটি টেক্সটাইল প্রস্তুতকারক হিসাবে অব্যাহতভাবে টিকে আছে।

স্টিমবট স্কয়ার ঐতিহাসিক জেলা (Steamboat Square Historic District), অ্যালবানি কাউন্টি - অ্যালবানি শহরের দক্ষিণ প্রান্তের পাড়ায় (South End Neighborhood) অবস্থিত এলাকাটিতে 10 একরে বিস্তৃত 49টি ভবন রয়েছে যেগুলিকে 1959 ও 1983 সালের মধ্যে শহরের পাবলিক আবাসন প্রকল্প হিসেবে নির্মাণ করা হয়েছিলো। ভবনগুলি শহুরে জনতাত্ত্বিক পরিবর্তনের স্থানীয় ও জাতীয় ভাববস্তু, পাড়ার পতন ও শহরে নবায়ন, পৃথকীকরণ, ভাড়াটিয়া সংগঠন, সামগ্রিক দামাদামি এবং পাবলিক আবাসনের নকশা ও ভূমিকার পরিবর্তিত ধারণাকে মূর্ত করে। নাগরিক অধিকার ইতিহাসে কমপ্লেক্সটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ কারণ মূল টাওয়ারগুলির অবনতিশীল অবস্থার জন্য ভাড়াটিয়াদের আন্দোলনের ফলেই শহর ভবনগুলি পুনরায় নকশা করে এবং 1980 দশকে আশেপাশের টাউনহোমগুলি যোগ করে। কমপ্লেক্সটিকে পুনরায় সজ্জিত করার ফলে বিদ্যমান পাবলিক আবাসন স্টককে পুনর্বাসনের একটি জাতীয় পুরস্কার পাওয়া গেছে।

ডাউনটাউন অ্যালবানি ঐতিহাসিক জেলা সীমানা সম্প্রসারণ (Downtown Albany Historic District Boundary Expansion), অ্যালবানি কাউন্টি - জেলাটি অ্যালবানি শহরের তিন শতাব্দীর বিকাশের প্রতিফলন করে এবং এটি শহরের বর্তমান আর্থিক ও রাজনৈতিক কেন্দ্র। এলাকাটিকে প্রথম স্টেট ও জাতীয় ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় প্রথম তালিকাভুক্ত করা হয়েছিলো 1980 সালে। তালিকাটি সংশোধন করা হচ্ছে ভবন, মূলত আর্ট ডেকো ও আধুনিক স্টাইলের ভবন যোগ করার জন্য যেগুলিকে 1928 সালের পর 1970 দশকের শুরুর দিক পর্যন্ত সময়ে নির্মিত হয়েছিলো, এবং সেইসাথে জেলার একটি ক্ষুদ্র সম্প্রসারণও অন্তর্ভুক্ত।

ওয়েজওয়ে বিল্ডিং (Wedgeway Building), স্কেনেকটেডি কাউন্টি - এই অফিস ও খুচরা বিক্রির ভবনটি প্রথম খোলা হয় 1885 সালে, স্কেনেকটেডি সূর্যের বাণিজ্যিক ডাউনটাউনের কেন্দ্রে। জেনারেল ইলেকট্রিক কোম্পানি (General Electric Co) সংক্রান্ত শহরের অর্থনৈতিক উন্নতির প্রতিফলন করা ভবনটি 1912 এবং 1922 সালে সম্প্রসারিত করা হয় এবং শহরের সর্ববৃহৎ অফিস ভবন ছিলো। বর্তমানে এটি খালি আছে, এর শেষ ভাড়াটিয়া 2021 সালে চলে যায়।

<u>সেন্ট্রাল</u>

এইচ.এ. ময়ার ফ্যাক্টরি কমপ্লেক্স (Central H.A. Moyer Factory Complex, অনোন্ডাগা কাউন্টি - বর্তমানে খালি থাকা সিরাকিউজের এই চারটি শিল্প ভবন 1881 ও 1909 সালের মধ্যে H.A.দ্বারা নির্মিত হয়েছিলো। ময়ার কোম্পানি (Moyer Co) 1908 থেকে 1914 সাল পর্যন্ত একটি বিলাসবহুল ক্যারিজ এবং পরবর্তীতে অটোমোবাইল নির্মাতা ছিলো, প্রতিযোগীদের বর্ধিত অ্যাসেম্বলি লাইন উৎপাদনের ফলে কোম্পানিটি লোকসানে চলে যায়। উৎপাদনের সময়, কোম্পানিটির অটোমোবাইলসমূহ দেশব্যাপী একটি বিলাসবহুল গ্রাহকগোষ্ঠীর মধ্যে বিক্রি হতো। ময়ার 1925 সাল পর্যন্ত নের-এ-কার (Ner-A-Car) নামক একটি উদ্ভাবনী হাইব্রিড গাড়ি-মোটরসাইকেল উৎপাদন করতে থাকে। পরে প্ল্যান্টটি মেশিনের সরঞ্জাম ও পাওয়ার টুলস উৎপাদনে ব্যবহৃত হয়।

ফিঙ্গার লেকস

অ্যাভন ভিলেজ ঐতিহাসিক জেলা (Avon Village Historic District), লিভিংস্টোন কাউন্টি - গ্রামটির কেন্দ্র উনবিংশ শতাব্দীর শুরুর দিক থেকে বিংশ শতাব্দীর মাঝামাঝি পর্যন্ত জেনেসি ভ্যালি অঞ্চলের প্রারম্ভিক বসতির এবং ফলস্বরূপ হওয়া স্থানীয় কৃষি, শিল্প, এবং বিনোদন সংক্রান্ত বৃদ্ধির প্রতিফলন করে। 370টির বেশি আবাসিক, পৌর, এবং বাণিজ্যিক ভবন নিয়ে তৈরি জেলাটিতে পাঁচটি ভবন রয়েছে যেগুলি ইতিমধ্যে স্টেট ও জাতীয় ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত আছে, যেমন একটি অপেরা হাউজ, একটি সরাইখানা, একটি মেথোডিস্ট গির্জা, একটি লাইব্রেরি, এবং একটি আবাসিক ভবন।

মিড-হাডসন

রিফর্মড ডাচ চার্চ অফ মামাকেটিং (Reformed Dutch Church of Mamakating), সালিভান কাউন্টি - 1848 সালে নির্মিত ওয়ার্টসবরো গ্রামের গির্জাটি গ্রিক রিভাইভাল স্থাপত্য স্টাইলের একটি উদাহরণ এবং এখানে একটি 1854 সালের পাম্প অর্গ্যান এবং স্টেইন্ড-গ্লাসের জানালা আছে।

উডস্টক আর্টিস্টস অ্যাসোসিয়েশন (Woodstock Artists Association), আলস্টার কাউন্টি - কলোনিয়াল রিভাইভাল স্টাইলে নকশা করা এই আর্টিস্ট গ্যালারিটি 1921 সালে উডস্টক গ্রামে খোলা হয় একটি বিকাশমান এবং বৈচিত্র্যময় শিল্পীদের কলোনির সমর্থনে।গ্যালারিটি 100 বছর ধরে প্রদর্শনীর সুযোগ প্রদান করে আর্ট কলোনির অব্যাহত ইতিহাসের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে আছে।

মোহক ভ্যালি

রোম সেমেটারি (Rome Cemetery), ওনিডা কাউন্টি - হাওয়ার্ড ড্যানিয়েলসের নকশা করা এই গ্রামীণ কবরস্থানটি রোম শহরের ব্যবহারের জন্য 1853 সালে খোলা হয়। সম্পত্তিতে রয়েছে গথিক রিভাইভাল কিংসলে চ্যাপেল (Gothic Revival Kingsley Chapel), সেইসাথে বিশিষ্ট অনেক স্থানীয় পরিবারের প্রতিনিধিত্বকারী নিওক্ল্যাসিক্যাল সমাধি।কবরস্থানে ফ্যান্সিস বেলামির একটি স্মৃতিস্তম্ভ রয়েছে, তিনি রোমের একজন বাসিন্দা এবং ব্যাপ্টিস্ট মিনিস্টার যিনি 1892 সালে প্লেজ অফ অ্যালিগ্যান্স লিখেছিলেন। বেলামি 1931 সালে মৃত্যুবরণ করেন এবং এখানে সমাহিত আছেন।

নিউ ইয়র্ক সিটি

কেন্ট ম্যানর (Kent Manor), কুইন্স - 1937 সালে নির্মিত কিউ গার্ডেন্সের (Kew Gardens) এই বাগান অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সটির নকশা করেছে ইহুদি স্থপতি বেঞ্জামিন ব্রনস্টিন। জর্জিয়ান রিভাইভাল ভবনগুলিতে সর্বোচ্চ আলো, বাতাস, এবং খোলা স্থান রয়েছে এবং সেই সাথে মধ্যবিত্ত ভাড়াটিয়াদের জন্য মানানসই বিভিন্ন ধরনের অ্যাপার্টমেন্ট তৈরি করা হয়েছে। কেন্ট ম্যানরে বাসরত পরিবারগুলি স্থানীয় নিউ ইয়র্কবাসী, ইয়োরোপ থেকে আসা ইহুদি শরণার্থী, এবং বিভিন্ন

জাতি ও পটভূমি থেকে আগত নিউ ইয়র্কের নতুনদের একটি মিশ্রণ। 1987 সালে হ্যাম্পটন কোর্ট (Hampton Court) হিসেবে নাম পরিবর্তন হওয়া অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সটি একটি কো-অপ হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং বিভিন্ন ধরনের বাসিন্দাদের কাজে লাগছে।

হান্টস পয়েন্ট রেলস্টেশন (Hunts Point Rail Station), ব্রঙ্কস - 1908 ও 1909 সালের মাঝামাঝি নির্মিত এবং ক্যাস গিলবার্টের নকশা করা বর্তমানে খালি এই রেলস্টেশনটি নিউ ইয়র্ক, নিউ হাভেন এবং হার্টফোর্ট রেলরোড কোম্পানির (New York, New Haven & Hartford Railroad Company) নতুন করে সম্প্রসারিত হার্লেম রিভার ব্রাঞ্চের (Harlem River Branch) অংশ ছিলো এবং এটি বিংশ শতাব্দীর শুরুর দিকে নিউ ইয়র্ক সিটির পরিবহন সম্প্রসারণের প্রতিনিধিত্ব করে। এর সদরের বহির্ভাগের নিচের অংশ হারানোর পরেও, ভবনটি এর ফরাসি রেনেসাঁ নকশার ও পূর্ণতা অনেকাংশ ধরে রেখেছে, একটি গুরুত্বপূর্ণ রেলস্টেশন হিসেবে এর কার্যকারিতা ও গুরুত্ব প্রকাশ করতে। 1937 সালে রেলরোডটি আর্থিকভাবে ব্যর্থ হলে এবং যাত্রী সেবা সেখানে শেষ হয়ে গেলে, স্টেশনটিকে বহু দশক ধরে খুচরা বিক্রির জন্য ব্যবহার করা হয়।

বুলাভার্ড হাউজেস (Boulevard Houses), ব্রুকলিন - নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority) 26 একরের এই নির্মাণটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সাশ্রয়ী আবাসন প্রদানে শহরের প্রচেষ্টার প্রতিফলন করে, যখন এক সপ্তাহে হাজার হাজার দায়িত্বমুক্ত হওয়া সৈনিক শহরে ফেরত আসার ফলে হঠাৎ তীব্র আবাসন ঘাটতি দেখা দেয়। বুলাভার্ড হাউজেস ইউরোপিয়ান মডার্নিস্টদের স্থাপত্য এবং পরিকল্পনার আদর্শের প্রতিফলন, কিন্তু আরো অনেক ছোট পরিসরে। 1949 এবং 1950 সালের মধ্যে নির্মিত কমপ্লেক্সটিতে প্রায় 1,400 ইউনিটসহ 18টি আবাসিক ভবন রয়েছে এবং এটি কেন্দ্রীয় ল্যান্ডস্কেপড মল দ্বারা বিভক্ত দুটি সুপারব্লকে অবস্থিত।

ফিওরেন্টিনো প্লাজা (Fiorentino Plaza), ব্রুকলিন - 160 ইউনিটের পাবলিক আবাসন প্রকল্পটি আটটি চারতলা ভবন নিয়ে গঠিত যা 1971 সালে খোলা হয়। মডেল সিটিজ কর্মসূচির অধীনে নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের জন্য নির্মিত কমপ্লেক্সটি "ভেস্ট পকেট" নকশা পন্থার প্রতিফলন করে, যা আশেপাশের নিচু ভবনের আবাসিক এলাকার সাথে খাপ খাইয়ে নিতে আকার ছোট করে। নকশার কারণ হলো পূর্বের উঁচু সুপারব্লক আবাসন প্রকল্পের ক্ষেত্রে এই সমালোচনা হয়েছিলো যে এগুলির ফলে পাড়ায় অতিরিক্ত স্থানচ্যুতি হচ্ছে এবং সম্ভাব্য সামাজিক সমস্যার ঘনত্ব বেড়ে যাচ্ছে।

প্যাডিস মার্কেট ঐতিহাসিক জেলা (Paddy's Market Historic District), ম্যানহাটন - হেলস কিচেন পাড়ায় অবস্থিত জেলাটিতে কয়েক ডজন ঐতিহাসিক ভাড়াটিয়া ভবন রয়েছে, এবং একইসাথে বাণিজ্যিক ও শিল্প ভবন, একটি গির্জা ও প্রাক্তন ঘোড়শাল রয়েছে। বেশির ভাগ ভবন উনবিংশ শতাব্দীর দ্বিতীয় অর্ধাংশে নির্মিত হয়, যখন নিউ ইয়র্ক সিটির অভিবাসী জনসংখ্যা অনেক বেড়ে গিয়েছিলো। 1885 এবং 1939 সালের মধ্যে, এলাকাটি প্যাডিস মার্কেট নামক একটি বিশাল, ছাদহীন বাজারের অবস্থান ছিলো, যেখানে কয়েক ডজন ভিন্ন জাতীয় খাবার পাওয়া যেতো। বাজারটি বন্ধ হয়ে গেলে, একই ধরনের অনেক বিক্রেতা নিচ তলার দোকান খুলে বসেন। আন্তর্জাতিক খাবারের দোকান ও রেস্টুরেন্টের বর্তমান বিস্তৃতিকে বর্ণনা করতে এখনো প্যাডিস মার্কেট কথাটি ব্যবহৃত হয়।

সাউদার্ন টিয়ার

এরউইন টাউন হল (Erwin Town Hall), স্টুবেন কাউন্টি - 1921 সালে নির্মিত ভবনটিতে 1953 সালে গ্রামটি নিজের অফিস খোলার আগে পর্যন্ত পর্যন্ত পেইন্টেড পোস্ট টাউন ও গ্রাম উভয়ের সরকার ছিলো। ভবনটির নকশা করেছিলেন আঞ্চলিকভাবে বিশিষ্ট স্থাপত্য ফার্ম পিয়ার্স অ্যান্ড বিকফোর্ড এবং এটি কলোনিয়াল রিভাইভাল স্টাইলের এবং একই সাথে পিয়ার্স অ্যান্ড বিকফোর্ডের অগ্নিরোধী নির্মাণ প্রচেষ্টার একটি উদাহরণ। বর্তমানে খালি থাকা তিনতলা ভবনটি একটি ফায়ারহাউজ, কোর্টহাউজ, কারাগার, এবং টাউনের মিটিং হলের সংমিশ্রণ হিসেবে কাজ করতো।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

চার্লস বেরিকস সন্স ফ্লোরিডা স্ট্রিট হাউজেস (Charles Berrick's Sons Florida Street Houses), ইরি কাউন্টি - 1901-1902 সালের মাঝে নির্মিত এই সাতটি মেসনরি আবাসিক "বাফেলো ডাবল" ফ্ল্যাট একটি লাভজনক স্থানীয় মেসনরি কোম্পানি দ্বারা ভাড়ার জন্য সম্পত্তি হিসেবে বাফেলোর কোল্ড স্প্রিংস এলাকায় নির্মিত হয়েছিলো। নির্মাণকাজটি স্ট্রিটকার লাইন বিস্তৃত করার ফলে শহরের বিকাশের প্রতিফলন করে। এই বাড়িগুলি তাদের ভিন্ন ভিন্ন কিন্তু একই রকম, ইট ও পাথরের নির্মাণের জন্য অনন্য, যা অসংখ্য কাঠের কাঠামোর ভবনের মধ্যে পৃথক। সম্প্রতি একটি কলেজ আবাসন হিসেবে ব্যবহৃত সম্পত্তিটি বর্তমানে পুনর্বাসিত হচ্ছে।

ভিস্কো মিটার ফ্যাক্টরি/বুয়ের্ক টুল ফ্যাক্টরি (Visco Meter Factory/Buerk Tool Factory), ইরি কাউন্টি - 1921 সালে নির্মিত বাফেলো শহরের ব্ল্যাক রক পাড়ায় অবস্থিত এই দুইতলা ইটের কারখানাটি ভিস্কো মিটার কর্পোরেশনের (Visco Meter Corporation) সদর দপ্তর ছিলো, যারা অটোমোবাইল অ্যাক্সেসোরিজ তৈরি করতো যার মধ্যে ছিলো তেলের ভিস্কসিটি এবং চাপ পরিমাপক একটি মিটার। বুয়ের্ক টুল কোম্পানি (Buerk Tool Company) পরবর্তীতে সূক্ষ্ম মেশিনের অংশ বানাতে ভবনটিতে ভাগ নেয়। বুয়ের্ক 2020 সালে বন্ধ হয়ে যায় এবং ভবনটি বিক্রি করে দেয়, যা বর্তমানে আবাসিক ইউনিট হিসেবে পুনরায় নির্মিত হচ্ছে।

লেভি জে. অ্যান্ড ফ্রান্সেস এ. পিয়ার্স হাউজ (Levi J. & Frances A. Pierce House), শাটোকুয়াকাউন্টি - 1871 সালের দিকে ফরেস্টভিলের হ্যামলেটে সেকেন্ড এম্পায়ার স্টাইলের আবাসিক ভবনটি সম্প্রদায়ে এই স্টাইলের একক উদাহরণ এবং এটি এর মূল বাহ্যিক ও অভ্যন্তরীণ বৈশিষ্ট্য ও ফিনিশিংয়ের প্রায় পুরোটাই ধরে রেখেছে। এছাড়াও সম্পত্তিতে এর মূল হিচিং পোস্ট এবং ক্যারিজ ঘর রয়েছে।

মনরো মোটর কার কোম্পানি (Monroe Motor Car Company) এবং মেইন গ্যারেজ কোম্পানি বিল্ডিং (Main Garage Company Building), ইরি কাউন্টি - অটো শোরুম এবং গ্যারেজটি 1920 সালে বাফেলোতে খোলা হয় এবং এটি অটোমোবাইল শিল্পের শুরুর দিকে শহরের জড়িত থাকার প্রতিফলন করে। মিডওয়েস্টে তৈরি গাড়ির জন্য একটি ডিলারশিপ হিসেবে খোলা এবং পরবর্তীতে এটিকে একটি ফোর্ড ডিলারশিপে রূপান্তর করা ভবনটি আমেরিকার প্রতিটি মুখ্য

গাড়ির কোম্পানির ডিলারশিপ নিয়ে শহরের "অটোমোবাইল রো (Automobile Row)" হিসেবে পরিচিত হয়ে উঠে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর অটোমোবাইল রো প্রায় বিলুপ্ত হয়ে যায়, এবং ভবনটি পরবর্তীতে 1960 দশকের শেষের দিকে একটি রেকর্ড বিক্রির ভবন হিসেবে রিমডেল করা হয়। পাশেই অবস্থিত মেইন গ্যারেজ কোম্পানি বিল্ডিংয়ের মালিক ছিলো ব্রুন্ডো পরিবার ও তারা 1930 দশক এবং 1990 দশকের মধ্যে এটিকে একটি গাড়ি মেরামতের দোকান হিসেবে পরিচালনা করতো, পরিবারটি উপরতলায় বাস করতো। একসাথে, এই দুইটি সম্পত্তি বাফেলোর অটোমোবাইল শুরুর দিকের গল্প বলে।

সেইন্ট পলস রোমান ক্যাথলিক চার্চ কমপ্লেক্স (St. Paul's Roman Catholic Church Complex), ইরি কাউন্টি - কেনমোর গ্রামে অবস্থিত কমপ্লেক্সটিতে 1954 সালে নির্মিত একটি গির্জা, এবং সেই সাথে 1925 সালে নির্মিত একটি স্কুল, একটি রেক্টরি এবং একটি গ্যারেজ রয়েছে। প্রথমে 1897 সালে কেনমোরের বাফেলো সাবার্বের প্রথম প্যারিশগুলির একটি হিসেবে স্থাপিত সেইন্ট পলস 1950 এবং 1960 দশকের বাফেলো ও অন্যান্য আমেরিকান শহরের সাবার্বান গির্জা সম্প্রসারণের প্রতিফলন করে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যা 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষ দেখতে গিয়েছেন। ইউনিভার্সিটির সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, স্টেট পার্ক ও এর দর্শনার্থী দ্বারা যা ব্যয় হয় তা 5 বিলিয়ন মার্কিন ডলার আউটপুট ও বিক্রয়কে প্রসারিত করে, 54,000 বেসরকারি খাতের কর্মসংস্থান সৃষ্টি এবং অতিরিক্ত স্টেটের মোট দেশীয় পণ্য (Gross Domestic Product, GDP) 2.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করতে পারে। এই বিনোদন কেন্দ্রসমূহ সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে চাইলে কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন parks.ny.gov, বা সংযুক্ত হন ফেসবুকে, বা ফলো করুন টুইটারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন